NYC Public Schools

# উৎকর্ষের জন্য চুক্তি 2025- 2026 বার্ষিক শুনানি (হিয়ারিং)

স্টেটের আইনে DOE-এর 2025-2026 শিক্ষা বছরের উৎকর্ষের জন্য চুক্তি জমা দেওয়া বাধ্যতামূলক। স্টেট কীভাবে তার নির্দিষ্ট সাহায্যসমুহ নির্ধারিত কর্মকাণ্ডের জন্য ব্যবহার করবে যেগুলি শিক্ষার্থী সাফল্যের উন্নতির লক্ষ্যে তৈরি এবং যা অভিনিবেশ করে শিক্ষার্থীর সর্বোচ্চ শিক্ষাগত চাহিদার উপর - উৎকর্ষের জন্য চুক্তিটি সেই সব তথ্য প্রদান করে।

উৎকর্ষের জন্য চুক্তিটি অবশ্যই একটি সরকারি প্রক্রিয়া অনুযায়ী প্রণীত হবে, যাতে অন্তর্ভুক্ত থাকতে হবে নিউ ইয়র্ক সিটির প্রতিটি কাউন্টিতে একটি করে পাবলিক হিয়ারিং (গণ শুনানি)। এছাড়া, পাবলিক হিয়ারিংগুলি অবশ্যই প্রতিটি কমিউনিটি ডিস্ট্রিক্ট-এ আয়োজন করতে হবে যা ডিস্ট্রিক্ট নির্দিষ্ট চুক্তিসমূহের সাথে সম্পর্কিত।

2022, 2023, এবং 2024 সালে সংশোধিত স্টেট আইনের উৎকর্ষের জন্য DOE-এর চুক্তিতে অবশ্যই সেপ্টেম্বর 2023-এ শুরুর ক্লাস সাইজ হ্রাসের একটি পরিকল্পনাও অন্তর্ভুক্ত হতে হবে। সরকারি প্রক্রিয়া সম্পন্ন হবার পর দুই সপ্তাহের মধ্যে DOE-কে অবশ্যই খসড়া চুক্তিটি প্রস্তাবিত পরিকল্পনা সম্পর্কে প্রাপ্ত জনসাধারণের (পাবলিক) মতামত বিশ্লেষণের পরে, স্টেটের কাছে প্রাথমিক পর্যালোচনার জন্য জমা দিতে হবে।

## বরো হিয়ারিংয়ের সূচি

হিয়ারিং অনলাইনে জুম (ZOOM) - এর মাধ্যমে অনুষ্ঠিত হবে সুচিভুক্ত শুরুর সময় সন্ধ্যা 6:00pm

প্রতিটি অনুষ্ঠানের রেস্টস্ট্রেশন এখানে দেওয়া ওয়েবসাইটে অনুষ্ঠানের দিন পোস্ট করা হবে: https://infohub.nyced.org/reports/financial/contracts-for-excellence/c4e-2025-2026-annual-hearings। মিটিং শুরু হবার এক ঘণ্টা আগে জনসাধারণকে মতামত দেবার জন্য সাইন আপ করতে ভার্চুয়াল মিটিং রুম খোলা হবে।

ব্রংক্স– বুধবার, 4 জুন, 2025

ম্যানহ্যাটন - মঙ্গলবার, 10 জুন, 2025

স্ট্যাটেন আইল্যান্ড - বুধবার, 11 জুন, 2025

কুইন্স– বৃহস্পতিবার, 12 জুন, 2025

ব্রুকলিন - সোমবার, 16 জুন, 2025

হিয়ারিংগুলোতে মতামত জমা দেয়া যাবে অথবা ContractsForExcellence@schools.nyc.gov ঠিকানায় ইমেইলে পাঠানো যাবে।

8 (আট) জুলাই , 2025 হলো জনসাধারণের মন্তব্য জমা দেওয়ার শেষ তারিখ।